“তোমরা আল্লাহর বাঁদীদেরকে আল্লাহর ঘরে (মসজিদে) যেতে নিষেধ করো না। তবে তারা বের হওয়ার সময় যেন সুগন্ধি ব্যবহার না করে”।

আবূ হুরাইরাহ্ রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা আল্লাহর বাঁদীদেরকে আল্লাহর ঘরে (মসজিদে) যেতে নিষেধ
করো না। তবে তারা বের হওয়ার সময় যেন সুগন্ধি ব্যবহার না করে”। [হাসান] [আবু দাউদ এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মহিলাদের অভিভাবক ও যিনি তাদের দেখভাল করেন তাকে নিষেধ করেছেন যেন তিনি নারীদের মসজিদে যেতে বাধা না দেন। তবে তিনি নারীদের নির্দেশ দিয়েছেন, যেন তারা বাইরে বের হলে সুগন্ধি ব্যবহার না করে এবং সাজসজ্জা প্রকাশ না করে—যাতে তারা পুরুষদের ফিতনার কারণ না হয়।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65416